

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর।


স্মারক নং-

২৭ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : উপজেলা পরিষদ কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভা আহ্বান।

এতদ্বারা উপজেলা পরিষদ কৃষি ও সেচ স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্য-কে অবহিত করা যাচ্ছে যে, আগামী ৩০ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ সকাল ১১:৩০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে উক্ত কমিটির এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(মোহাঃ লাভনী খাতুন)
উপজেলা কৃষি অফিসার
এবং
সদস্য সচিব
উপজেলা পরিষদ কৃষি ও সেচ স্থায়ী কমিটি
গাংনী, মেহেরপুর।

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে:

০১. উপজেলা ভাইস চেয়ারম্যান, গাংনী, মেহেরপুর।
০২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,, গাংনী, মেহেরপুর।
০৩. অফিস কপি-সংরক্ষণের জন্য।

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রাশেদুল হক, ভাইস চেয়ারম্যান, গাংনী, মেহেরপুর
স্থান : উপজেলা কৃষি অফিসার-এর সভাকক্ষ।
তারিখ : ৩০ জানুয়ারি /২০২২ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১১:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য বৃন্দ “ পরিশিষ্ট-ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাংনী, মেহেরপুর সভাকে অবহিত করেন যে, খাদ্যে স্বয়ংসম্পন্ন হওয়া, নিরবিচ্ছিন্ন খাদ্য চাহিদা পূরণ এবং পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে বর্তমান কৃষি বাস্তব সরকার এর নির্দেশনায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মাঠ পর্যায়ে কৃষকদের বিভিন্ন কৃষি পরামর্শ প্রদান করে আসছে। উপজেলায় বর্তমানে-

ক) বিভিন্ন প্রকল্পের অধীন ব্লক পর্যায়ে রবি ফসলের প্রদর্শনী বাস্তবায়ন চলমান। আধুনিক জাতের সম্প্রসারণ এর জন্য কৃষকদের উদ্বুদ্ধকরণ চলমান আছে। বোরো মৌসুমের উচ্চফলনশীল জাত যেমন ত্রিধান-৫৮, ত্রিধান-৬১, ত্রিধান-৬৩, ত্রিধান-৮১, ত্রিধান-৮৮, ত্রিধান-৮৯, ত্রিধান-৯২, ত্রিধান-১০০ ও বিভিন্ন জাতের হাইব্রিড ধান চাষের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

খ) বোরো মৌসুমের নিরবিচ্ছিন্ন সেচ কার্যক্রম চালু রাখার ব্যাপারে কৃষককে এবং সেচ প্রদানকারীদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ) শীতকালীন বীধাকপি ও ফুলকপি বিদেশে রপ্তানী করা হয়েছে।

ঘ) শীতকালীন সবজি ফসল, গম, ভুট্টা, আলু, চাষের সম্প্রসারণ কার্যক্রম চলছে।

ঙ) তামাক আবাদ হ্রাস করার জন্য কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে।

চ) উপজেলায় বসতবাড়ির আঞ্জীনা অনাবাদি পতিত জমিতে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ৩৭টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।

ছ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “এক ইঞ্চি জায়গা যেন ফাঁকা না থাকে” মোতাবেক গাংনী উপজেলার সকল অনাবাদি ও পতিত জমি চাষের আওতায় আনার জন্য সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত:

০১. বোরো ধানে পাচিং এবং ভুট্টার ফল আর্মি ওয়ার্ম পোকার ব্যবস্থাপনা বিষয়ে প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. নিরবিচ্ছিন্ন সেচ কার্যক্রম চালু রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

০৩. নিরাপদ ফসল উৎপাদনের জন্য জৈব বালাইনাশকের মজুদ বৃদ্ধি এবং ফেরোমন ফাঁদ এর ব্যবহার বৃদ্ধির উদ্যোগ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রাশেদুল হক)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর

এবং

সভাপতি


উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
গাংনী, মেহেরপুর।

স্মারক নং- ১

তারিখ: ২৭ জানুয়ারি/ ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,, গাংনী, মেহেরপুর।
০২. অফিস কপি-সংরক্ষণের জন্য।







(মোছাঃ লাভলী খাতুন)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি, গাংনী, মেহেরপুর।

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সদস্যগণের উপস্থিতি শীট।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গাংনী, মেহেরপুর।
তারিখ ও সময়ঃ ১০/৭/২২ দুপুরঃ ২.০০টা
সভাপতি : জনাব মোঃ রাশেদুল হক
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	মোঃ রাশেদুল হক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।	
০২	চেয়ারম্যান, ধানখোলা ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৩	চেয়ারম্যান, বামুন্দি ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৪	মোঃ ফজলুল হক, কৃষি বিষয়ক সম্পাদক, মেহেরপুর।	
০৫	মোঃ ইউনুস আলী, সভাপতি ০৯ নং ওয়ার্ড, আঃ লীগ, গাংনী, মেহেরপুর।	
০৬	মোঃ কাফিরুল ইসলাম, ৮ নং ওয়ার্ড, আঃ লীগ, গাংনী, মেহেরপুর।	
০৭	উপজেলা কৃষি অফিসার, গাংনী, মেহেরপুর।	